

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ভিটি/৭৬০/৯৩/০৭/পাট-২/

তারিখঃ /০৭/২০১৬ খ্রিঃ।

প্রাপকঃ অধ্যক্ষ

রাজবাড়ী টেকনিক্যাল স্কুল ও কলেজ
রাজবাড়ী।

বিষয়ঃ জনাব মোঃ রফিকুল ইসলাম, অবসররত- সিনিয়র ক্রাফট ইন্সট্রাক্টর (ফার্ম) এর আনুতোষিক ও অবসর ভাতা মঞ্জুরী প্রসঙ্গে।

সূত্রঃ টিএসসি/রাজ/পিএফ-১১৩/২০১৬/১২৫১ তারিখঃ ১৫/০৬/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী টেকনিক্যাল স্কুল ও কলেজের অবসররত সিনিয়র ক্রাফট ইন্সট্রাক্টর (ফার্ম) জনাব মোঃ রফিকুল ইসলাম এর আনুতোষিক ও অবসর ভাতা মঞ্জুরী প্রদানের জন্য প্রেরিত চাকুরী বহি সহ প্রস্তাব পাওয়া গেছে। উক্ত প্রস্তাবের সাথে নিম্নোক্ত কাগজ পত্র না থাকায় মঞ্জুরী প্রদানের বিষয়ে নিম্ন বর্ণিত তথ্যাদির প্রয়োজন।

০১. আবেদনকারী মাসিক পেনশন অথবা এককালীন পেনশন গ্রহণ করবেন উল্লেখ পূর্বক আবেদন পত্র।
০২. অঙ্গীকারনামা - ০২ কপি।
০৩. জাতীয়তা সনদ - ০২ কপি।
০৪. এসএসসি সনদ - ০২ কপি।
০৫. পেনশন ফরমের ৩ নং পাতার ৬ নং কলাম এর সত্যায়নকারী কর্মকর্তার সীলযুক্ত স্বাক্ষর।
০৬. পেনশন ফরমের ৫ নং পাতার ৪.০১ নং কলাম পূরণ করা।
০৭. চাকুরী বহির ৩য় খন্ডের ১১ নং পাতায় গৃহ নির্মাণ অগ্রীম ঋণের বিবরণ আছে কিন্তু উক্ত ঋণ পরিশোধের কোন প্রমাণক চাকুরী বহিতে লিপিবদ্ধ নাই।
০৮. ইএলপিসি সনদের ৪র্থ নং কলাম পূরণ করা।
০৯. উল্লিখিত ব্যক্তিকে ১৭/০৮/২০১৫ খ্রিঃ তারিখে জাতীয় বেতনস্কেল/২০১৫ অনুযায়ী নির্ধারিত মূল বেতন ৩০,৮৪০/- টাকার উপর লাম্পসামান্ট মঞ্জুরী প্রদান করা হয়েছে। এক বছর অবসর উত্তর ছুটি মঞ্জুরী শেষে পেনশন নির্ধারণের ক্ষেত্রে কেবলমাত্র একটি বার্ষিক বর্ধিত বেতন যুক্ত হয়ে মূল বেতন হবে ৩২,৩৯০/- টাকা। উক্ত টাকার উপর তার পেনশন নির্ধারণ হবে বিধায় সংশোধিত পেনশন ফরম এবং সংশোধিত ইএলপিসি সনদ।

উল্লিখিত তথ্যসমূহ সংশোধনপূর্বক পুনরায় পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ চাকুরী বহি।

স্বাক্ষরিত/-
(সমর কান্তি হালদার)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ভিটি/৭৬০/৯৩/০৭/পাট-২/ ৮৯৬

তারিখঃ ০৩/০৭/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল।

০১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, তাকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
০২. জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রাক্তন- সিনিয়র ক্রাফট ইন্সট্রাক্টর (ফার্ম), রাজবাড়ী টেকনিক্যাল স্কুল ও কলেজ, রাজবাড়ী।
০৩. সংরক্ষণ নথি।

(সমর কান্তি হালদার)
সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩/০৭/১৬